46

দৈনিক ইনকিলাব

তারিখ ... ৮-5 1999
পৃষ্ঠা ... কলাম ৭

## রাঙ্গামাটি বিশ্ববিদ্যালয় কলেজে ছাত্রলীগ ও ছাত্রদলের সংঘর্ষে ২৫ জন আহত

রাঙ্গামাটি থেকে জেলা সংবাদদাতা ঃ রাঙ্গামাটি বিশ্ববিদ্যালয় কলেজে গতকাল ছাত্রলীগ ও ছাত্রদলের সংঘর্ষে কমপক্ষে ২৫ জন আহত হয়েছে। এদের মধ্যে আশংকাজনক অবস্থায় কামাল ও দেলোয়ারকে চট্টগ্রামে নেয়া হয়েছে। এ সময় কয়েক রাউন্ড গুলী ছোঁড়া হয়।

ছাত্রলীগের উত্তেজিত কর্মীরা এ ঘটনার রেশ ধরে শহরের কাঁঠালতলি এলাকার পাড়ায় আক্রমণ করে কয়েকজন মহিলাকে চরম লাঞ্ছিত করে বলে সেখানকার একজন মহিলা ঠিকাদার টেলিফোনে প্রেসক্লাবে সংবাদ জানিয়েছেন।

প্রত্যক্ষদর্শীরা জানায়, গতকাল একাদশ শ্রেণীতে ভর্তি পরীক্ষা ছিল। সে উপলক্ষে নবাগতদের স্বাগত জানিয়ে উভয় দল মিছিল করে। এক পর্যায়ে উস্কানিমূলক শ্লোগান দিয়ে ছাত্রলীগের কর্মীরা ছাত্রদলকে হামলা করলে সংঘর্ষ শুরু হয়। এ সময় তারা ধারালো অস্ত্র এবং লাঠিসোঁটা ব্যবহার করে। কলেজের প্রিন্সিপাল সংঘর্ষের কথা স্বীকার করলেও বিস্তারিত কিছু জানাতে পারেননি। এ রিপোর্ট লেখা পর্যন্ত শহরে আতংক বিরাজ করছে। এ বিষয়ে সন্ধ্যা সাড়ে ৭টা পর্যন্ত পুলিশ কিছুই জানাতে পারেনি।